মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৩৬/নেত্র/ ৮৩৩৫ তারিখ : ১৮/০৪/১৮

বিষয় : **বিদ্যালয়ের এডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র : তাঁর ০৫/১২/২০১৭ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা এস.আর.ও নং-৯৯/আইন/২০০৯-এর ৩৯(১)নং ধারা অনুযায়ী নিম্নলিখিত সদস্যবৃন্দ সমন্বয়ে গঠিত **ভূগী জাওয়ানী উচ্চ বিদ্যালয়ের** এডহক কমিটি পত্র ইস্যুর তারিখ থেকে ৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে। এ মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৪/২০১১ তারিখের শিম/শাঃ১১/১০-১১/২০০৯/১৭১ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯" এর ৪১ (২) (খ) ৪ অনুযায়ী ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি-কে শিক্ষক-কর্মচারী নিয়োগের যে ক্ষমতা দেয়া হয়েছে তা কেবল মাত্র নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির মাধ্যমে সম্পন্ন করতে হবে। কোনক্রমেই এডহক বা বিশেষ ধরনের কমিটি/গভর্নিং বডির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না। **উল্লেখ্য, এ কমিটির অনুমোদন প্রাপ্তির মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হলে বিদ্যালয়ের অনুমতি/স্বীকৃতি বাতিলসহ শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদী বন্ধ করা হবে।**

১। জনাব মোঃ আব্দুল আজিজ তালুকদার	সভাপতি	বোর্ড কর্তৃক মনোনীত।
২। জনাব মোঃ আবুল কালাম খান	অভিভাবক সদস্য	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত। পত্র নং- ৫১১ তারিখ- ০৭/১১/২০১৭
৩। জনাব মোঃ আব্দুল কাদিও	শিক্ষক প্রতিনিধি	জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত। পত্র নং- ২৩৩ তারিখ- ০৬/১১/২০১৭
৪। প্রধান শিক্ষক	সদস্য সচিব	পদাধিকার বলে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : **প্রধান শিক্ষক**
ভূগী জাওয়ানী উচ্চ বিদ্যালয়
পোঃ- ভবের বাজার, উপজেলা- পূর্বধলা
জেলা- নেত্রকোনা।

মেমো নং- ৮৩৩৫(৪৩) তারিখ : ১৮/০৪/১৮

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোনা।
২। জেলা শিক্ষা অফিসার, নেত্রকোনা।
৩। সভাপতি, এডহক কমিটি, **ভূগী জাওয়ানী উচ্চ বিদ্যালয়।**
৪। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।